ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২২২৫
ছৈলেংটা, ৮ আগস্ট, ২০২৫

**স্বাধীনতা দিবস ঃ ছৈলেংটায় প্রস্তুতি সভা অনুষ্ঠিত**

লংতরাইভ্যালি মহকুমায় স্বাধীনতা দিবস উদযাপনের মূল অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে ছৈলেংটা বাজার মাঠে। স্বাধীনতা দিবসের বিভিন্ন অনুষ্ঠান উদযাপনের প্রস্তুতি খতিয়ে দেখতে গতকাল ছৈলেংটা মহকুমার মহকুমা শাসকের অফিসের কনফারেন্স হলে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় লংতরাইভ্যালি মহকুমার মহকুমা শাসক সুব্রত দাস, এসডিপিও সোনাচরণ জমাতিয়া, টিএসআর ৮ম ব্যাটেলিয়ানের কমাণ্ডেন্ট এবং বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন। প্রস্তুতি বৈঠকে সিদ্ধান্ত হয়েছে স্বাধীনতা দিবসের দিন সকালে ছাত্রছাত্রীদের নিয়ে প্রভাতফেরি অনুষ্ঠিত হবে। হাসপাতালে এবং সাব জেলে রোগী ও আবাসিকদের ফল ও মিষ্টি বিতরণ করা হবে। ১১ আগস্ট মহকুমা শাসকের অফিস প্রাঙ্গণে রক্তদান শিবিরের আয়োজন করা হবে। হর ঘর তিরঙ্গা কর্মসূচি সফল করতে এবং জাতীয় পতাকা উত্তোলনের জন্য জনগণকে উৎসাহিত করতেও বৈঠকে আলোচনা হয়।

******